



কমান্ডিং অফিসারের কার্যালয়
২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন
মুক্তাগাছা, ময়মনসিংহ।



প্রেস রিলিজ

গত ২৮/০৪/২০২২খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার ২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, মুক্তাগাছা, ময়মনসিংহের সুযোগ্য অধিনায়ক (পুলিশ সুপার) জনাব মোহাম্মদ সারওয়ার আলম মহোদয়ের সময়োপযোগী দিক নির্দেশনা ও সার্বিক তত্ত্বাবধানে ব্যাটালিয়নের অপারেশন এন্ড ইন্টেলিজেন্স শাখার চৌকস অফিসার ও ফোর্সের সমন্বয়ে নিজ অধিক্ষেত্রে পরিচালিত মাদকবিরোধী বিশেষ অভিযান চলাকালে বিশ্বস্ত মাধ্যমে প্রাপ্ত গোপন সংবাদের ভিত্তিতে টাঙ্গাইল জেলার মধুপুর থানাধীন চাডালজানী এলাকায় অবস্থিত মেসার্স খান ফিলিং স্টেশনের সামনের পাকা রাস্তার দক্ষিণ পার্শ্ব হতে অভিযুক্ত ১। মোঃ আলমগীর হোসেন (২৫), পিতা- মোঃ আব্দুল বাছেদ, মাতা- মোছাঃ আনোয়ারা বেগম, সাং-কেউটাই, অভিযুক্ত ২। মোঃ নূর আলম (৩২) (ড্রাইভার), পিতা-মোঃ আঃ কদুস, মাতা-মোছাঃ রেনু বেগম, সাং-পিরোজপুর, উভয় থানা-মধুপুর, জেলা-টাঙ্গাইল-দ্বয়কে উপস্থিত সাক্ষীদের সম্মুখে ৩০০ (তিনশত) পিস ইয়াবা ট্যাবলেট, নগদ ১৩৭২০ টাকা, ২০৪ বস্তা দেশীয় লবণ, দুইটি মোবাইল ফোন এবং "টাকা মেট্রো-ট ২২-৩৩৭৭ নম্বরধারী" ০১ (এক)টি ট্রাক সহ হাতেনাতে গ্রেফতার করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতারকৃত অভিযুক্তগণ নিজেরা নিয়মিতভাবে ইয়াবা সেবনের পাশাপাশি দীর্ঘদিন ধরে পারস্পারিক যোগসাজশে ইয়াবা কেনাবেচায় জড়িত রয়েছেন মর্মে স্বীকার করেন। তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক টাঙ্গাইল জেলার মধুপুর থানায় নিয়মিত ফৌজদারি মামলা নং ২৫, তারিখঃ ২৯/০৪/২০২২খ্রিঃ, ধারা-মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ ৩৬ (১) এর টেবিল ১০ (ক)/৩৮/৪১ রুজু করা হয়েছে।

২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন কর্তৃক মাদকের বিরুদ্ধে পরিচালিত আভিযানিক কার্যক্রম সফল করতে মাদক সেবন ও কেনাবেচায় জড়িত ব্যক্তিদের বিষয়ে আমাদেরকে সুনির্দিষ্ট তথ্য দিন। তথ্যদাতার পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে। সবাইকে ধন্যবাদ।

